

# ইতিহাস গড়ে ডাকসু জিতে স্বামী-স্ত্রী বললেন, ‘অর্জন মনে করি না’

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১০ সেপ্টেম্বর ২০২৫, ১২:০৯



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে একইসঙ্গে জয় পেয়েছেন শিবির সমর্থিত প্যানেলের এক দম্পতি। ডাকসুর ইতিহাসে স্বামী-স্ত্রীর প্রার্থী হওয়ার নজির নেই। সেই জায়গায় তাদের বিজয়ী হওয়ার ঘটনা নতুন ইতিহাস হিসেবে দেখছেন অনেকেই।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বিজয়ী দম্পতির নাম রায়হান উদ্দীন ও উম্মে ছালমা। এর মধ্যে রায়হান উদ্দীন কার্যকরী সদস্য ও উম্মে ছালমা কমন রুম, রিডিংরুম ও ক্যাফেটেরিয়া বিষয়ক সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করে বিজয়ী হয়েছেন।

বুধবার (১০ সেপ্টেম্বর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে আনুষ্ঠানিকভাবে নির্বাচনের চূড়ান্ত ফলাফলে দেখা যায়, উম্মে ছালমা কমন রুম, রিডিংরুম ও ক্যাফেটেরিয়া বিষয়ক সম্পাদক পদে ৯ হাজার ৯২০ ভোট পেয়েছেন। তার স্বামী রায়হান উদ্দীন কার্যকরী সদস্য পদে ৫০৮২ ভোট পেয়েছেন।

রায়হান ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ইংরেজি বিভাগের এবং ছালমা একই বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

জয়ের পর এই দম্পতি বলেন, ‘আমরা আল্লাহর কাছে শোকরিয়া জানাতে চাই, আলহামদুলিল্লাহ। আল্লাহ আমাদের কাজ করা সুযোগ দিয়েছেন, তৌফিক দিয়েছেন। আমরা আমাদের নিজ নিজ জায়গা থেকে কঠোর পরিশ্রম করেছি। শিক্ষার্থীরা আমাদের ওপর আস্থা রেখেছেন- এটা একদিকে যেমন আনন্দের, তেমনি দায়বদ্ধতারও।’

তারা আরও বলেন, ‘আমরা উদযাপন করতে চাই না। আমাদের কার্যক্রমই হবে উদযাপন। এটিকে আমরা কোনো অর্জন মনে করি না। এটি অর্জন হবে সেদিনই-যেদিন আমরা দায়িত্ব শেষ করবো, সেদিন শিক্ষার্থীরা যদি বলে, তোমরা ভাল কাজ করেছো- সেদিনই হবে আমাদের উদযাপনের সময়।’

এর আগে রায়হান উদ্দীন বলেছিলেন, ‘আমি এবং আমার স্ত্রী শিবিরের প্যানেলের ‘ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোট’ থেকে মনোনয়ন পেয়েছি। আমরা আগেও শিক্ষার্থীদের জন্য কাজ করেছি। নির্বাচিত হলেও শিক্ষার্থীদের জন্য কাজ করে যাব।’